

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.১৫৫—গত ২৭ এপ্রিল ২০১৮ তারিখে যুক্তরাষ্ট্রভিত্তিক স্বনামধন্য প্রতিষ্ঠান ‘গ্লোবাল সামিট অব উইমেন’ কর্তৃক বাংলাদেশ এবং সমগ্র এশিয়া এবং প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নারী-শিক্ষা এবং নারী উদ্যোক্তা সৃষ্টিতে অসামান্য ভূমিকা রাখার স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে “গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড”-এ ভূষিত করা হয়। অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠিত “গ্লোবাল সামিট অব উইমেনস” শীর্ষ সম্মেলন চলাকালে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির প্রেসিডেন্ট মিড্ আইরিন নাতিভিদাদ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে পুরস্কারটি তুলে দেন।

২। মাননীয় প্রধানমন্ত্রীর একের পর এক এ ধরনের বিরল সম্মান অর্জন আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে দৃঢ়তর করেছে। এরই ধারাবাহিকতায় “গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড” অর্জন এবং ‘টাইম ম্যাগাজিন’ কর্তৃক প্রকাশিত ২০১৮ সালের বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ১০০ জনের তালিকায় লিডারশিপ ক্যাটাগরিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৪ বৈশাখ ১৪২৫/০৭ মে ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এন এম জিয়াউল আলম

সচিব, সমন্বয় ও সংস্কার

(৫৪৭৩)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৪ বৈশাখ ১৪২৫

ঢাকা: -----

০৭ মে ২০১৮

গত ২৭ এপ্রিল ২০১৮ তারিখে যুক্তরাষ্ট্রভিত্তিক স্নানামধ্য প্রতিষ্ঠান ‘গ্লোবাল সামিট অব উইমেন’ কর্তৃক বাংলাদেশ এবং সমগ্র এশিয়া এবং প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নারী-শিক্ষা এবং নারী উদ্যোক্তা সৃষ্টিতে অসামান্য ভূমিকা রাখার স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে “গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড”-এ ভূষিত করা হয়। অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠিত “গ্লোবাল সামিট অব উইমেনস” শীর্ষ সম্মেলন চলাকালে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির প্রেসিডেন্ট মিড্‌স আইরিন নাতিভিদাদ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে পুরস্কারটি তুলে দেন। উল্লেখ্য, ইতঃপূর্বে জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে, জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন, ইউনেস্কোর সাবেক মহাপরিচালক ইরিনা বোকোভা, জাতিসংঘের সাবেক শরণার্থী বিষয়ক হাইকমিশনার সাদাকো ওগাতা, চিলির সাবেক প্রেসিডেন্ট মিশেল ব্যাশেলেট, আয়ারল্যান্ডের সাবেক প্রেসিডেন্ট মেরি রবিনসনসহ অনেক প্রথিতযশা ব্যক্তি এই মর্যাদাপূর্ণ পুরস্কারে ভূষিত হয়েছেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার দায়িত্ব গ্রহণের পর থেকেই নারীর শিক্ষা, উন্নয়ন ও ক্ষমতায়নে যুগোপযোগী কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। ফলে নারীদের জন্য উন্মোচিত হয়েছে অপার সম্ভাবনার দ্বার। নারীর অগ্রগতির জন্য শেখ হাসিনার সরকারের গৃহীত পদক্ষেপ বর্তমানে দেশের গণ্ডি ছাড়িয়ে বৈশ্বিক পরিসরেও আলোচিত ও সমাদৃত হচ্ছে। উল্লেখ্য যে রাষ্ট্রনায়কোচিত ও দূরদর্শী নেতৃত্ব এবং নারী ও কন্যাশিশুদের শিক্ষা ও সাক্ষরতা প্রসারে অগ্রণী ভূমিকার স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতঃপূর্বে ইউনেস্কো কর্তৃক ‘শান্তি বৃক্ষ’ (Tree of Peace) এবং মহিলা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে তথ্যপ্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে অনন্য অবদানের জন্য ‘সাঁউথ-সাঁউথ পুরস্কার’-এ ভূষিত হয়েছেন। এরই ধারাবাহিকতায় “গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড” প্রাপ্তি নারীর সামগ্রিক উন্নয়ন ও ক্ষমতায়ন নিশ্চিতকরণের অভিযাত্রায় বাংলাদেশসহ উন্নয়নশীল দেশসমূহকে আরও জোরালো ভূমিকা পালনে উৎসাহিত করবে।

উল্লেখ্য, গত ১৯ এপ্রিল ২০১৮ তারিখে বিশ্বখ্যাত মার্কিন সাময়িকী ‘টাইম ম্যাগাজিন’ কর্তৃক প্রকাশিত ২০১৮ সালের বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ১০০ জনের তালিকায় লিডারশিপ ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত হয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ক্যাটাগরিতে আরও রয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, চীনের প্রেসিডেন্ট শি জিনপিং, কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো, ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ, জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে, উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিম জং উন, সৌদি যুবরাজ প্রিন্স মোহাম্মদ বিন সালমান, ব্রিটিশ রাজপুত্র হ্যারি প্রমুখ।

আন্তর্জাতিক পরিমন্ডলে একের পর এক এ ধরনের বিরল সম্মান অর্জন বাংলাদেশের অবস্থানকে দৃঢ়তর করেছে। এরই ধারাবাহিকতায় “গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড” অর্জন এবং ‘টাইম ম্যাগাজিন’ কর্তৃক প্রকাশিত ২০১৮ সালে বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ১০০ জনের তালিকায় অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd